

টিগাব দ্বারা ডেঞ্জু নিধন পক্ষকাল ব্যাপী কর্মসূচী

- A Monitor Desk Report

Date: 23 August, 2021



ঢাকাঃ গতকাল সকালে টিগাব (ট্যুর গাইড এসোসিয়েশন অফ বাংলাদেশ) ডেঞ্জু মশক নিধন কর্মসূচী উদ্বোধন করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব জাবেদ আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন ডি বি সি নিউস এর সম্পাদক জনাব প্রনব সাহা।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন পান্ডামিকে পর্যটন সবচেয়ে ক্ষতিগ্রস্ত খাত এই খাতের গাইড বৃন্দ কর্মহীন থাকলেও তারা এমন একটি অনুকরণীয় সামাজিক দায়িত্ব পালন করছেন তা ধন্যবাদ যোগ্য। তিনি আরো বলেন পর্যটন শুধু একটি ব্যবসা ভিত্তিক শিল্প নয় এটি সামাজিক দায়িত্বও বটে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টিগাব এর সভাপতি জনাব সায়েদ মাহাবুবুল ইসলাম বুলু।

অনুষ্ঠানে পর্যটন শিল্পের নানা পেশার সংগঠক ও কর্মীরা উপস্থিত ছিলেন।